# জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী
## জেলা ঃ রাজশাহী

সভাপতি : শামীম আহমেদ
জেলা প্রশাসক, রাজশাহী
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজশাহী
তারিখ : ০৯/১১/২০২৩ খ্রিষ্টাব্দ
সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেয়া হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, রাজশাহী অদ্যকার সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

আলোচনা -১ : **২০২৩-২৪ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে বোরো ধানের (হাইব্রিড) আবাদ বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ বিতরণ বাবদ অর্থ ছাড়করণ ও অগ্রিম উত্তোলন।**

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, রাজশাহী জানান যে, কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার ১৯/১০/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে স্মারক নম্বর- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২১.২৯৫ এর পত্রের আলোকে ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে বোরো ধানের আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে হাইব্রিড জাতের বীজ সহায়তা প্রণোদনা কর্মসূচির নিমিত্তে কৃষি মন্ত্রণালয়ের 'কৃষি পুনর্বাসন সহায়তা' খাত হতে রাজশাহী জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুকূলে ২৩৭.৩১০ লক্ষ (দুই কোটি সাঁইত্রিশ লক্ষ একত্রিশ হাজার) টাকা বরাদ্দ ও অগ্রীম উত্তোলনের সরকারি মঞ্জুরি প্রদান করা হয়েছে। সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, রাজশাহী জেলায় ২০২২-২৩ সালে বোরো ধান আবাদের উপর ভিত্তি করে উপজেলাভিত্তিক প্রণোদনাযোগ্য কৃষক সংখ্যা বিভাজনের প্রস্তাব করেন। এ ব্যাপারে সদস্য সচিব মন্ত্রণালয়ের প্রেরিত পত্রের 'বাস্তবায়ন নীতিমালা' মোতাবেক উপজেলাভিত্তিক ২০২২-২৩ সালের রবি মৌসুমে বোরো হাইব্রিড ধানের আবাদকৃত জমি, ২০২৩-২৪ সালের বাস্তব পরিস্থিতি, ফসল আবাদ ও উৎপাদনের সম্ভাবনার ভিত্তিতে চলতি অর্থবছরে প্রণোদনা বরাদ্দের প্রস্তাব উপস্থাপন করেন। যা নিম্নরূপ-

| ক্র. নং | উপজেলার নাম | ২০২২-২৩ সালে বোরো হাইব্রিড আবাদকৃত জমির পরিমাণ (হে.) | প্রস্তাবিত বোরো হাইব্রিড প্রণোদনা (জন/বিঘা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | পবা | ৪৪৫ | ৩৫০০ | |
| ২ | তানোর | ৩৪৯ | ৬০০০ | |
| ৩ | মোহনপুর | ৬৬৫ | ৫০০০ | |
| ৪ | বাগমারা | ৩৫৫০ | ৯০০০ | |
| ৫ | দুর্গাপুর | ৪২০ | ২৫০০ | |
| ৬ | পুঠিয়া | ২৮০ | ১৯০০ | |
| ৭ | গোদাগাড়ী | ১৩৫৫ | ৯০০০ | |
| ৮ | চারঘাট | ২০ | ৪৫০ | |
| ৯ | বাঘা | ১৮ | ৬৫০ | |
| জেলার মোট | | ৭১০২ | ৩৮০০০ | |

প্রণোদনা বাস্তবায়ন নীতিমালার আলোকে বোরো হাইব্রিড জাতের আবাদ ও উৎপাদনের সম্ভাবনার ভিত্তিতে উপজেলাওয়ারী প্রণোদনা বিভাজন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-২

সিদ্ধান্ত : আলোচনার প্রেক্ষিতে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ বিভাজন মোতাবেক উপজেলাওয়ারী কৃষক সংখ্যা, বীজের পরিমাণ, এর মূল্য এবং পরিবহন খাতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | বোরো হাইব্রিড বীজের পরিমাণ (মে.টন) | কোডভিত্তিক অর্থ বরাদ্দ (টাকা) | | | | মোট বরাদ্দ (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | কোড নং-৩২৫১১০৯ | কোড নং-৩৬৩১১৯৯ | | | |
| | | | | বীজের মূল্য (টাকা) | পরিবহণ ব্যয় (টাকা) | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট ব্যয় | |
| ১ | পবা | ৩৫০০ | ৭.০০ | ২১৭০০০০ | ১০৫০০ | ৫২৫০ | ১৫৭৫০ | ২১৮৫৭৫০ |
| ২ | তানোর | ৬০০০ | ১২.০০ | ৩৭২০০০০ | ১৮০০০ | ৯০০০ | ২৭০০০ | ৩৭৪৭০০০ |
| ৩ | মোহনপুর | ৫০০০ | ১০.০০ | ৩১০০০০০ | ১৫০০০ | ৭৫০০ | ২২৫০০ | ৩১২২৫০০ |
| ৪ | বাগমারা | ৯০০০ | ১৮.০০ | ৫৫৮০০০০ | ২৭০০০ | ১৩৫০০ | ৪০৫০০ | ৫৬২০৫০০ |
| ৫ | দুর্গাপুর | ২৫০০ | ৫.০০ | ১৫৫০০০০ | ৭৫০০ | ৩৭৫০ | ১১২৫০ | ১৫৬১২৫০ |
| ৬ | পুঠিয়া | ১৯০০ | ৩.৮০ | ১১৭৮০০০ | ৫৭০০ | ২৮৫০ | ৮৫৫০ | ১১৮৬৫৫০ |
| ৭ | গোদাগাড়ী | ৯০০০ | ১৮.০০ | ৫৫৮০০০০ | ২৭০০০ | ১৩৫০০ | ৪০৫০০ | ৫৬২০৫০০ |
| ৮ | চারঘাট | ৪৫০ | ০.৯০ | ২৭৯০০০ | ১৩৫০ | ৬৭৫ | ২০২৫ | ২৮১০২৫ |
| ৯ | বাঘা | ৬৫০ | ১.৩০ | ৪০৩০০০ | ১৯৫০ | ৯৭৫ | ২৯২৫ | ৪০৫৯২৫ |
| জেলার মোট | | ৩৮০০০ | ৭৬.০০ | ২৩৫৬০০০০ | ১১৪০০০ | ৫৭০০০ | ১৭১০০০ | ২৩৭৩১০০০ |

আলোচনা-২ : **বর্ণিত কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন পদ্ধতি**

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, রাজশাহী রবি/২০২৩-২৪ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের বোরো হাইব্রিড ধানের আবাদ বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির কৃষি মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত জিও সভায় উপস্থাপন করেন। আলোচনান্তে উপস্থিত সদস্যগণের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত :

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে ;

২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের বোরো হাইব্রিড আবাদের জমি এবং চলতি রবি মৌসুমে বোরো হাইব্রিড আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে বোরো হাইব্রিড বীজ চাষাবাদের উপযুক্ততা অনুযায়ী বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail input2@moa.gov.bd ও moa input 2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

চলমান পাতা-৩

৫. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ২.০ কেজি বোরো হাইব্রিড বীজ সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে।

৬. কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না।

৭. এ কর্মসূচির আওতায় সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন প্রয়োজনীয় হাইব্রিড বীজ বিভাজন অনুযায়ী ক্রয় করতে হবে। বিএডিসি কর্তৃক প্রয়োজনীয় পরিমাণ বীজ সরবরাহ করতে না পারলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি ঢাকা মহোদয়ের অনুমোদন নিয়ে হেক্টর প্রতি ৫.০০ টনের (চালে) বেশী ফলনশীল, এলাকা উপযোগী ও সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন হাইব্রিড জাতের বীজ প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান/ আমদানিকারক/ বীজ ডিলারের নিকট হতে নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে;

৮. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে কোন অবস্থাতেই বীজ কাংখিত মানের না হলে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্তৃপক্ষ দায়ী থাকবেন :

৯. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন চারা বিতরণ ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

১০. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১১. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ই-মেইলের মাধ্যমে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) ও উপকরণ-২ শাখা, কৃষি মন্ত্রণালয় (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে; এবং

১২. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

০৯/১১/২০২৫

(শামীম আহমেদ)
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)

**পরিশিষ্ট "ক"**(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্র. নং | উপস্থিত সদস্যবৃন্দের নাম | পদবী ও অফিস | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোঃ মোজদার হোসেন | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ২. | মোঃ সালাহ উদ্দীন আল ওয়াদুদ | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ৩. | কে এম গোলাম সরওয়ার | উপপরিচালক (বীবি), বিএডিসি, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ৪. | সাদিয়া আফরীন | এসএসও, এসআরডিআই, রাজশাহী | স্বাক্ষরিত |
| ৫. | মোঃ রবিউল আলম বাবু | মনোনীত সদস্য | স্বাক্ষরিত |
| ৬. | মোহাম্মদ আলী কামাল | মনোনীত সদস্য | স্বাক্ষরিত |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, রেলগেট, রাজশাহী।

স্মারক নং : ১২.০১.৮১০০.০০০.৫০.০০৪.২৩. ১৮৭৫(৩৫) তারিখ : ০৯/১১/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
২. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
৩. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. জেলা প্রশাসক, রাজশাহী
২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী
৩. যুগ্মপরিচালক(সার), বিএডিসি, রাজশাহী
৪. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, রাজশাহী
৫. উপপরিচালক(বীবি), বিএডিসি, রাজশাহী
৬. এডিডি (ক্রপ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী
৭. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ধান গবেষণা ইনস্টিটিউট, শ্যামপুর, রাজশাহী
৮. জেলা বীজ প্রত্যয়ন অফিসার, রাজশাহী
৯. উপপরিচালক (কঃ গ্রোঃ), বিএডিসি, রাজশাহী
১০. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, এসআরডিআই, রাজশাহী
১১-১৯ উপজেলা নির্বাহী অফিসার,......................রাজশাহী
২০-২৮ উপজেলা কৃষি অফিসার,......................রাজশাহী
২৯. ভারভাপ্ত কর্মকর্তা, বাফার গোডাউন, রাজশাহী
৩০. মোহাম্মদ আলী কামাল, মুন্সিডাঙ্গা, রাণীবাজার, রাজশাহী
৩১. মোঃ রবিউল আলম বাবু, হড়গ্রাম মুন্সিপাড়া, রাজশাহী
৩২. অফিস নথি

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
ফোন ০২৫৮৮৮৬১৭৭১

০৯/১১/২০২৩